

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯ ১৮

করবুক, ৩০ নভেম্বর, ২০২৩

তীর্থমুখে পৌষ সংক্রান্তি মেলা
তীর্থমুখ মেলা প্রাঙ্গনে প্রস্তুতি সভা

এতিহ্যবাহী তীর্থমুখের পৌষ সংক্রান্তি মেলা উপলক্ষে তীর্থমুখ মেলা প্রাঙ্গনে গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক সঞ্চয় মানিক ত্রিপুরা, টিটিএডিসি'র ইএম ডলি রিয়াৎ, করবুক ব্লক উপনেষ্ঠা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা, গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, জেলার অতিরিক্ত পুলিশ সুপার সুমন মজুমদার, করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস এবং জনজাতি সমাজের সমাজপতিগণ সহ জেলা ও মহকুমাস্তরের বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ১৪ জানুয়ারি তীর্থমুখ মকর সংক্রান্তি মেলার উদ্বোধন করা হবে। মেলা চলবে দুইদিন। প্রতিবছরের ন্যায় তর্পন, অষ্টি বিসর্জন, গঙ্গা পূজা ও অন্যান্য ধর্মীয় অনুষ্ঠান রীতিনীতি মেনে চলবে। মেলায় আগত পুন্যার্থীদের রাত্রি যাপনের জন্য মেলা প্রাঙ্গনের আশে পাশে অস্থায়ী বিশ্রামাগার গড়ে তোলা হবে। থাকবে পানীয়জল ও শৌচাগারের ব্যবস্থা। এছাড়া পর্যাপ্ত আলোর ব্যবস্থা, চিকিৎসা পরিষেবা সহ আইন শৃঙ্খলার কাজে নিয়োজিত আরক্ষা বাহিনী মজুত থাকবে। মেলায় নজর রাখার জন্য বিভিন্ন জায়গায় সিসিটিভি বসানো হবে। এছাড়াও তথ্য ও সংস্কৃতি দপ্তর কর্তৃক মেলার মুক্তমধ্যে সারাবাত ব্যাপী মিশ্র সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। সরকারি বিভিন্ন দপ্তরের প্রদর্শনী মন্দপও খোলা হবে। সভায় আরও সিদ্ধান্ত নেওয়া হয়, এবছর মেলায় ৪০০ এর বেশি দোকানিরা তাদের পেসরা নিয়ে যাতে বসতে পারেন তারজন্য মেলার আগে ভিটি বন্টন করা হবে।
